গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি কমার্স কলেজ,চট্টগ্রাম

নং- সককচ/এ-৫৭(প্রিলি)/২০২৪/ ৪৫৯ তারিখ ঃ ১৪/০৫/২০২৪ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদন ফরম জমাদানের বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন সংগ্রহ ও জমাদান সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ ঃ

*** ভর্তির যোগ্যতা ঃ

ক) ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে নুন্যতম জিপিএ ২.০০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে তারা প্রিলিমিরানী টু মাস্টার্স প্রাইভেট প্রোগ্রামে ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে।

*** আবেদনপত্র সংগ্রহের নিয়ম ঃ

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে গিয়ে অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য চকে স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া "জাতীয় বিশ্ববিদ্যালয়/ যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/ অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male স্থলে Female বা Female এর Male স্থলে প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্যটি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে প্রার্থীর ভর্তি (Eligible)যোগ্য বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করবে। এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ) প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসী/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা পছন্দ করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

গ) প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120x150 pixel, Image Type: jpg এবং maximum file sixe :50 kb হতে হবে। প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

ঘ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"x11")] অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে। এবং Submit অপশনে গিয়ে ফরম Download করে (ফরম কলেজে জমা দেয়ার আগে) জাতীয় বিশ্ববিদ্যালয় নির্ধারিত আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত)

*** **Sonali e-Sheba Apps এর মাধ্যমে ফি পরিশোধের তারিখ: ১৬/০৫/২০২৪ হতে ২৭/০৫/২০২৪ পর্যন্ত**

*** **Sonali e-sheba এর মাধ্যমে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে আবেদন ফি জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।**

*** শিক্ষার্থীরা **https://sbl.com.bd: 7070** লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের **"National University Fees** মেন্যু থেকে **Preliminary to Masters** বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য হিসাবে ডাউনলোডকৃত ফরমে সঠিক **Roll No. Input** দিয়ে আবেদন ফি = ৩০০/- (তিনশত) টাকা পরিশোধ করতে হবে। আবেদন ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ **(Payment Slip)** এর কলেজ কপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে এবং **Student Copy** শিক্ষার্থী সংরক্ষণ করবে।

*** আবেদন ফরম কলেজে জমা দেয়ার তারিখ ও সময় ঃ

তারিখ ও সময়	ফরম জমার স্থান
১৯/০৫/২০২৪ খ্রি. হতে ২৭/০৫/২০২৪ খ্রি. সকাল ১০টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)	হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ

৪। ডাউনলোডকৃত আবেদন ফরম কলেজে জমা দেয়ার সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে ঃ-
স্নাতক পাস পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং দ্বৈত ভর্তিজনিত অঙ্গিকারনামার ফটোকপি।

প্রতিস্বাক্ষর:

প্রফেসর সুসেন কুমার বড়ুয়া
আইঅধ্যক্ষ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম

বিভাগীয় প্রধান, ব্যবস্থাপনা বিভাগ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।

(মোহাম্মদ হাশেম)
সহযোগী অধ্যাপক ও
বিভাগীয় প্রধান, হিসাববিজ্ঞান বিভাগ
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।